

৭ মার্চের ভাষণ বাজানোর ঢাবি ছাত্র আটক

ঢাবি প্রতিনিধি

০৭ মার্চ ২০২৬, ০৮:০৯ পিএম



১৮ রশ্মিজ্যোত

কক্সবাজার

১৪ মার্চের

০৪:৫৮

০৬:০৬

মিনিট

মিনিট

প্রাণ

ধি

রাজকীয় ঘ্রাণে

খাবারে দ্বিগুণ স্বাদ আনে

রাজধানীর চানখাঁরপুল মোড়ে শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ সাউন্ড বক্সে বাজানোর ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক ছাত্রসহ দুজনকে আটক করেছে শাহবাগ থানা পুলিশ।

আজ শনিবার দুপুরে এ ঘটনা ঘটে। এ সময় ঘটনাস্থল থেকে ব্যবহৃত সাউন্ড বক্সটি জব্দ করে পুলিশ।

জানা গেছে, আটক হওয়া ছাত্রের নাম আসিফ আহমেদ। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র ছিলেন। তার সঙ্গে সাউন্ড বক্স পরিচালনার দায়িত্বে থাকা আরেকজন অপারেটরকেও আটক করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ৭ মার্চ উপলক্ষে চানখাঁরপুল এলাকায় সাউন্ড বক্সে শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ বাজাচ্ছিলেন আটক দুজন। তখন ভাষণের বিখ্যাত অংশ ‘এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম, এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম’ শোনা যাচ্ছিল।

এ সময় কয়েকজন পুলিশ সদস্য সেখানে এসে উপস্থিত হলে তাদের সঙ্গে কিছুক্ষণ কথা কাটাকাটি হয়। একপর্যায়ে পুলিশ তাকে একটি সিএনজিচালিত অটোরিকশায় করে থানায় নিয়ে যায়। একই সঙ্গে ঘটনাস্থল থেকে সাউন্ড অপারেটর ও মালিককে থানায় নিয়ে যাওয়া হয় এবং সাউন্ড বক্সগুলো জব্দ করা হয়।

শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো মনিরুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, ‘ওরা বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বাজাচ্ছিল। এটা তো নিষিদ্ধ, এজন্য নিয়ে আসা হয়েছে।’

এ বিষয়ে কোনো অভিযোগ এসেছে কি না, জানতে চাইলে তিনি বলেন, ‘অভিযোগ দিচ্ছে বলেই তো তাকে নিয়ে আসা।’

পরবর্তী পদক্ষেপ সম্পর্কে জানতে চাইলে ওসি বলেন, ‘এটা আমাদের সিদ্ধান্ত হবে। এত তাড়াতাড়ি যদি সিদ্ধান্ত জানতে চান তাহলে কেমনে দিব? এটা আমাদের সিদ্ধান্তের বিষয় আছে। নিয়ে আসছি, স্যারের সাথে আলোচনা করি তারপর বলতে পারব।’